

Prime Minister's meeting with Dr. Nobuhiro Endo, Chairman, NEC Corporation

May 23, 2022

এনইসি কর্পোরেশনের চেয়ারম্যান ডঃ নবুহিরো এন্ডোর সঙ্গে প্রধানমন্ত্রীর বৈঠক

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ টোকিওতে এনইসি কর্পোরেশনের চেয়ারম্যান ডঃ নবুহিরো এন্ডোর সঙ্গে বৈঠক করেছেন। চেন্নাই- আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ এবং কোচি- লাক্ষাদ্বীপ দ্বীপপুঞ্জের ওএফসি প্রকল্প সহ ভারতে টেলিযোগাযোগ ক্ষেত্রে এনইসির ভূমিকার তিনি প্রশংসা করেন। এই প্রসঙ্গে শ্রী মোদী ভারতে উৎসাহ ভিত্তিক উৎপাদন প্রকল্পগুলিতে বিনিয়োগের সুযোগ সুবিধার কথা তুলে ধরেন।

ভারতে সহজে ব্যবসা করার জন্য শিল্পজগতের উন্নয়ন, করব্যবস্থা ও শ্রমশক্তি সহ বিভিন্ন ক্ষেত্রে যে সব সংস্কারমূলক পদক্ষেপ নেওয়া হয়েছে, তাঁরা সেই বিষয়গুলি নিয়েও আলোচনা করেন। এ ছাড়া ভারতে নতুন ও অত্যাধুনিক প্রযুক্তির ক্ষেত্রে যেসব সুযোগ সুবিধা আছে, বৈঠকে সেই প্রসঙ্গও স্থান পায়।

টোকিও

মে 23, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.